ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৮২৮

আগরতলা,১১ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''জিবিতে পরিষেবা দিতে ঘুষ! ঘটনায় তুলকালাম কান্ড, ব্যবস্থা নেওয়ার আশ্বাস মেডিঃ সুপারের,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় ও ''জিবিতে ঘুষ নেওয়ার প্রতিবাদ রোগীর পরিবারের'' এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১০ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদ দু'টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে, এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গত ৯ সেপ্টেম্বর ২০২৫ জিবিপি হাসপাতালে এক রোগীর আত্মীয় অভিযোগ করেন যে, হাসপাতালের ও.টি থেকে ওয়ার্ডে রোগীকে পরিবহনের জন্য বেআইনিভাবে ৫০০টাকা দাবি করা হয়েছে। অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট বিষয়টি পুলিশকে জানান এবং তদন্ত শুরু করেন। মেডিক্যাল সুপারিনটেনডেন্ট, ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ও ওয়ার্ড মাস্টার সুপারভাইজার ঘটনাস্থল পরিদর্শন করেন। অভিযোগকারীদের বক্তব্য নেওয়া হয় এবং পরিস্থিতি যাচাই করা হয়। যে সব ব্যক্তি রোগীর আত্মীয় স্বজনদের কাছে বেআইনিভাবে অর্থ দাবি করছিল, তাদের চিহ্নিত করা হয়েছে। তদন্তে জানা যায়, উক্ত ব্যক্তিরা হাসপাতালের নিয়মিত কর্মী নন, বরং একটি আউটসোর্সিং এজেন্সির নিয়ন্ত্রণাধীন কর্মচারী। আউটসোর্সিং এজেন্সিকে ঘটনার বিষয়ে আনুষ্ঠানিকভাবে অবহিত করা হয়েছে এবং দোষী কর্মীদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। হাসপাতাল প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে রোগী পরিবহনের জন্য ট্রলি ও হুইলচেয়ার ব্যবহারে কোনও অর্থ নেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ। ভবিষ্যতে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসাবে হাসপাতালের প্রতিটি ওয়ার্ড ও প্রবেশপথে সতর্কীকরণ বোর্ড টাঙানো হবে এবং তাতে রোগীর আত্মীয় স্বজনদের অভিযোগ জানানোর জন্য টেলিফোন নম্বর দেওয়া থাকবে। হাসপাতাল প্রশাসন দৃঢ়ভাবে জানিয়েছে যে, এ ধরণের অনৈতিক কার্যকলাপ কোনও অবস্থাতেই বরদাস্ত করা হবে না এবং দোষীদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

*****